চল্লিশটি সৎকর্ম আছে তার মধ্যে উচ্চতম হল, দুধ পানের জন্য (কোন দরিদ্রকে) ছাগল সাময়িকভাবে দান করা। যে কোন আমলকারী এর মধ্য হতে যে কোন একটি সৎকর্মের উপর প্রতিদানের আশা করে ও তার প্রতিশ্রুত পুরস্কারকে সত্য জেনে আমল করবে, তাকে আল্লাহ তার বিনিময়ে জান্নাতে প্রবেশ করাবেন।

আবূ মুহাম্মাদ আব্দুল্লাহ ইবনে আমর ইবন আ’স রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি
বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “চল্লিশটি সৎকর্ম আছে
তার মধ্যে উচ্চতম হল, দুধ পানের জন্য (কোন দরিদ্রকে) ছাগল সাময়িকভাবে দান করা। যে
কোন আমলকারী এর মধ্য হতে যে কোন একটি সৎকর্মের উপর প্রতিদানের আশা করে ও তার প্রতিশ্রুত পুরস্কারকে সত্য জেনে আমল করবে, তাকে আল্লাহ তার বিনিময়ে জান্নাতে
প্রবেশ করাবেন”।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার উম্মতকে ভালো কাজের প্রতি উৎসাহ দেন। তিনি সংখ্যাও উল্লেখ করে বলেন, তা হলো চল্লিশটি ভালোকর্ম। আর তিনি একটি কর্ম যা সর্বোত্তম তা ছাড়া বাকী ভালো আমলগুলো অস্পষ্ট রাখেন। তা হলো: একজন মানুষের নিকট ছাগল আছে। সে মাদী ছাগলটি কোন একজন গরীব মানুষকে দুধ পানের জন্য সাময়িকভাবে দান করল। তারপর যখন সে তার প্রয়োজন মিটাল তখন ছাগলটি তার মালিকের নিকট ফিরিয়ে দিল। এটি উল্লেখ করেছেন যাতে মানুষ বুঝে যে, এ ধরনের আমল সহজ ও অসংখ্য। মানুষ যেন ভালো কর্মে প্রতিযোগিতা করে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3558